গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হোমনা, কুমিল্লা।

## উপজেলা মাসিক উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী:

বিবেচ্য মাস ঃ মার্চ-২০২২ খ্রিঃ
সভার তারিখ ঃ ৩০.০৩.২০২২ খ্রি.
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা
সভাপতি ঃ রেহানা বেগম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হোমনা, কুমিল্লা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট-ক তে স্বাক্ষরের ক্রমানুসারে উল্লিখিত।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, হোমনা, কুমিল্লা-কে সভা পরিচালনা করার জন্য আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কার্যক্রম শুরু করেন। এরপর তিনি গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোনরকম সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, হোমনা, কুমিল্লা সদস্যগণকে পর্যায়ক্রমে আলোচনায় অংশগ্রণের জন্য আহবান জানান।

<table>
<tr><th>ক্রমিক নং ও দপ্তরের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর</td><td>আলোচ্যসূচী-ক ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব স্থানান্তরিত) এর আওতায় ফেব্রুয়ারি/২০২২ খ্রি. তারিখে উন্নয়ন সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক অনুমোদিত প্রকল্প সমূহের মধ্যে টেন্ডার পদ্ধতিতে বাস্তবায়ন যোগ্য প্রকল্প সমূহের কাজ বাস্তবায়নের লক্ষ্যে ইজিপি টেন্ডার প্রক্রিয়াধীন আছে।<br>(খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ফেব্রুয়ারি/২২ খ্রি. মাসের উন্নয়ন সমন্বয় সভার গৃহীত ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় ক্রমিক নং ৬১ ও ৬২ এর প্রকল্প কমিটির নির্মাণ স্থানে পানি এসে যাওয়ায়, এ অর্থ বছরে বাস্তবায়ন করা সম্ভব হচ্ছেনা। প্রকল্প ০২টি সংশোধন একান্ত প্রয়োজন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>অনুমোদিত প্রকল্পের নাম</th><th>অনুমোদিত প্রাক্কলিত মূল্য</th><th>সংশোধিত প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>নারায়নপুর জামে মসজিদের সামনে নদীর পাড়ে জনসাধারণের ব্যবহারের জন্য পাকা ঘাটলা নির্মাণ।</td><td>২.০০ লক্ষ</td><td>নারায়নপুর সরকার বাড়ী জামে মসজিদের পিছনে গাইড ওয়াল নির্মাণ।</td><td>২.০০ লক্ষ</td></tr>
<tr><td>০২</td><td>রাজাকাশিপুর কেরা ফকিরের বাড়ির পুকুওে জনসাধারণের ব্যবহারের জন্য পাকা ঘাটলা নির্মাণ।</td><td>২.০০ লক্ষ</td><td>রাজাকাশিপুর বেদন মিয়ার বাড়ি হইতে রাজাকাশিপুর মেইন রোড পর্যন্ত রাস্তা সিসি করণ।</td><td>২.০০ লক্ষ</td></tr>
</table></td><td>(ক) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর ২০২১-২২ অর্থ বছরে এডিপি ও উন্নয়ন তহবিলের অনুমোদিত প্রকল্প সমূহের মধ্যে ঠিকাদারের বাস্তবায়নের লক্ষ্যে ই-জিপি পদ্ধতিতে দ্রুততম সময়ে টেন্ডার আহবান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।<br>(খ) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর সংশোধিত প্রকল্প ০২টি সমপরিমাণক্রমে ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>২। ত্রাণ ও পুনর্বাসন বিভাগ</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, টি.আর, কাবিখা, কাবিটা ও কর্মসূচীর প্রকল্পের কাজ দ্রুত শুরু করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো। এছাড়া তাঁর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। কাজের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>৩। স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, হোমনা উপজেলার ভ্যাকসিন দেওয়ার কাজ সঠিক ভাবে চলছে। এখন ৩য় ডোজ চলমান আছে। এছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। কাজের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা</td></tr>
<tr><td>৪। কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা জানান, তাঁর কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। কাজের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা কৃষি অফিসার</td></tr>
</table>

<table>
<tr><td>৫। প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের আওতায় নিম্নোক্ত কাজ সমূহ সম্পাদন হয়েছেঃ
<table>
<tr><th>ক্র: নং</th><th>কাজের নাম</th><th>কর্মকান্ড</th></tr>
<tr><td>০১</td><td>গবাদিপশু টিকা প্রদান করা হয়েছে</td><td>২০০০ মাত্রা</td></tr>
<tr><td>০২</td><td>হাঁস- মুরগীর টিকা প্রদান করা হয়েছে</td><td>৪১,০০০ মাত্রা</td></tr>
<tr><td>০৩</td><td>গবাদিপশু চিকিৎসা প্রদান করা হয়েছে</td><td>২০৯৪ টি</td></tr>
<tr><td>০৪</td><td>হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে</td><td>২২৫৭০টি</td></tr>
<tr><td>০৫</td><td>কৃত্রিম প্রজনন করা হয়েছে</td><td>৮০৯ টি</td></tr>
<tr><td>০৬</td><td>শংকর জাতের বাছুর জন্মের সংখ্যা</td><td>৩০৩ টি</td></tr>
<tr><td>০৭</td><td>উন্নত জাতের ঘাসের কাটিং বিতরণ</td><td>১.৪৫ একর</td></tr>
<tr><td>০৮</td><td>একদিনের মুরগির বাচ্চা বিতরণ (বেসরকারিভাবে)</td><td>৯৫,০০০/- টি</td></tr>
<tr><td>০৯</td><td>খামারী/ কৃষকদের নিয়ে উঠান বৈঠক</td><td>২৫ টি</td></tr>
<tr><td>১০</td><td>কৃত্রিম প্রজনন দ্বারা রাজস্ব আয় করা হয়েছে</td><td>২২,০৪০/-</td></tr>
<tr><td>১১</td><td>গবাদিপশু হাঁস- মুরগীর টিকা দ্বারা রাজস্ব আয় করা হয়েছে</td><td>৯৩২২/-</td></tr>
<tr><td>১২</td><td>ডেইরী খামার রেজিস্ট্রেশন ফি</td><td>৩০০/-</td></tr>
<tr><td>১৩</td><td>হাঁস-মুরগীর খামার রেজিস্ট্রেশন ফি</td><td>৪০০/-</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। কাজের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা</td></tr>
<tr><td>৬. উপজেলা মৎস্য বিভাগ</td><td>উপজেলা মৎস্য অফিসার জানান, নতুন করে উপজেলার ০৯টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় ২০০ জন জেলের তালিকা কার্যক্রম চলছে। এ ব্যাপারে সকল ইউনিয়নের চেয়ারম্যানগনের সহযোগিতা আশা করছি। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। কাজের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা</td></tr>
<tr><td>৭. শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা অফিসার জানান, আগামী ২০ মার্চ-২০২২ হতে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় খুলে দেওয়া হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। কাজের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, মাধ্যমিক পর্যায়ের টিকাদান কর্মসূচী সম্পন্ন হয়েছে। অত্র কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে পরিচালনা হচ্ছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>৯. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান,<br>(লক্ষ টাকায়) মাসের নামঃ ফেব্রুয়ারি/২২
<table>
<tr><th colspan="2">সমিতি গঠন</th><th colspan="2">সঞ্চয় আদায়</th><th colspan="2">শেয়ার আদায়</th><th colspan="3">ঋণ বিতরণ</th><th colspan="3">ঋণ বিতরণ</th><th rowspan="2">মাস শেষে মেয়াদ উত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ</th></tr>
<tr><th>লক্ষ্য মাত্রা</th><th>অর্জন</th><th>লক্ষ্য মাত্রা</th><th>অর্জন</th><th>লক্ষ্য মাত্রা</th><th>অর্জন</th><th>লক্ষ্য মাত্রা</th><th>অর্জন</th><th>হার</th><th>লক্ষ্য মাত্রা</th><th>অর্জন</th><th>হার</th></tr>
<tr><td>-</td><td>০২</td><td>৫.০০</td><td>১০.৫৯</td><td>০.৬০</td><td>০.৫৫</td><td>২০০.০০</td><td>২২৫.২০</td><td>১০০%</td><td>৩০৬.৯৬</td><td>১৭৭.৭০</td><td>৫৮%</td><td>১২৯.২৬</td></tr>
</table>
পিআরডিপি-৩(আসাদপুর ও দুলালপুর) ইউনিয়নে বাস্তবায়নকৃত :
<table>
<tr><th colspan="2">ভিডিসি গঠন</th><th colspan="2">ইউসিসিএম</th><th colspan="2">ভিডিসিএম</th><th colspan="2">প্রশিক্ষণ</th><th colspan="2">ভিডিসি স্কীম</th></tr>
<tr><td>০২</td><td>০</td><td>২৪</td><td>১৮</td><td>২১৬</td><td>৯০</td><td>০২</td><td>০২</td><td>০৮</td><td>০৮</td></tr>
</table>
অন্যান্য দাপ্তরিক কার্যক্রম ঠিকমত চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>১০. পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফেব্রুয়ারি/২২ মাসে তার দপ্তরের নিম্নোক্ত অগ্রগতি উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রম</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>মোট সক্ষম দম্পতির সংখ্যা</td><td>৪১৮০৬ জন</td></tr>
<tr><td>০২</td><td>খাবার বড়ি বিতরণ</td><td>১৩৭২৫টি</td></tr>
<tr><td>০৩</td><td>কনডম</td><td>৩৩৪৩টি</td></tr>
<tr><td>০৪</td><td>ইনজেকটেবল(ভায়েল)</td><td>৮০১৭টি</td></tr>
<tr><td>০৫</td><td>আই.ইউ.ডি</td><td>১৮৫২টি</td></tr>
<tr><td>০৬</td><td>ইমপ্লান্ট</td><td>৮৯৬টি</td></tr>
<tr><td>০৭</td><td>স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ</td><td>০ জন</td></tr>
<tr><td>০৮</td><td>মহিলা</td><td>০ জন</td></tr>
</table>
বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
<tr><td>১১.উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, আগামী ৮ই মার্চ বিশ্ব নারী দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে। ০৩ মাস মেয়াদী সেলাই মেশিন প্রশিক্ষণ ও বিউটি পার্লার প্রশিক্ষণ ১ম ব্যাচ শেষ হবে। ২য় ব্যাচ শুরু হবে মার্চ এর শেষ দিকে। ১৬-৪৫ বছরের নারীরা এই প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে। এখান থেকে প্রশিক্ষণ নিয়ে নিজ নিজ ভাবে সাবলম্বী হতে পারবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ও সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td></tr>
<tr><td>১২. উপজেলা নির্বাচন অফিসার</td><td>উপজেলা নির্বাচন অফিসার জানান, তাঁর দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাচন অফিসার</td></tr>
<tr><td>১৩. উপজেলা সমাজসেবা অফিসার</td><td>উপজেলা সমাজসেবা অফিসার জানান,<br>০১. ২০২১-২২ অর্থ বছরের জুলাই/২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত সকল বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা, অস্বচ্ছল প্রতিবন্ধী এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির টাকা ভাতাভোগীদের স্ব-স্ব মোবাইলে প্রদান করা হয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত</td><td>উপজেলা সমাজসেবা অফিসার</td></tr>
</table>

<table>
<tr>
<td>২৯. রাজস্ব তহবিলের ব্যয় অনুমোদন</td>
<td>
<table>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>০১.</td><td>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের আসবাবপত্র মেরামত।</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td>০২.</td><td>উপজেলা মালঞ্চ ভবনের নীচ তলায় নতুন ফ্যান সংযোজন।</td><td>৪,০০০/-</td></tr>
<tr><td>০৩.</td><td>উপজেলা পরিষদ হলরুমের দরজা ক্রয় এবং মেরামত</td><td>২০,০০০/-</td></tr>
</table>
<br>
ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান, হোমনা সভায় জানান উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নিয়োজিত আনসার সদস্যের প্রয়োজনীয় মালামাল ক্রয় এবং মেরামতের প্রয়োজন ।
</td>
<td>ভাউচারসমূহ অনুমোদন পূর্বক রাজস্ব তহবিল হতে বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১.০০ লক্ষ টাকা ব্যয়ে মালামাল ক্রয় এবং মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার</td>
</tr>
<tr>
<td>২৮. বিবিধ</td>
<td>(ক) উপজেলা নির্বাহী অফিসার, হোমনা, কুমিল্লা সভায় জানান, এস.আর.ও নং ৩৭০-আইন/জাতীয় বেতন স্কেল/২০১৫ এর অনুচ্ছেদ ৭ (১) অনুযায়ী এবং বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১/০৯/২০১৬ তারিখের ২৩২নং পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপানুচ্ছেদ (৩) এর নির্দেশনা মোতাবেক কোন কর্মচারী চাকুরী সন্তোষজনকভাবে পদোন্নতি ব্যতিত একই পদে ১০ বছর পূর্তিতে ১১তম বছরে স্বয়ংক্রিয়ভাবে উচ্চতর গ্রেড প্রাপ্য।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে কর্মরত মোঃ ইয়াছিন মিয়া, সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ও মোঃ শাহজালাল, গাড়ী চালক, উপজেলা পরিষদ, হোমনা, কুমিল্লার চাকুরী সন্তোষজনকভাবে পদোন্নতি ব্যতিত একই পদে ১২.০৫.২০২২খ্রি. তারিখ ১০ (দশ) বছর পূর্ণ হবে। ১২.০৫.২০২২খ্রি. তারিখ হতে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী "সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর" কে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানপূর্বক ১০,২০০-২৪,৬৮০/- টাকার বেতনক্রম হতে ১১,০০০-২৬,৫৯০/- টাকার বেতনক্রম (১৪ তম গ্রেড হতে ১৩ তম গ্রেডে) এবং "গাড়ী চালক" কে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানপূর্বক ৯,৩০০-২২,৪৯০/- টাকার বেতনক্রম হতে ৯,৭০০-২৩,৪৯০/- টাকার বেতনক্রম (১৬ তম গ্রেড হতে ১৫ তম গ্রেডে) উচ্চতর স্কেল মঞ্জুর প্রদান করা যেতে পারে।</td>
<td>(ক) জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী "সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর" কে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানপূর্বক ১০,২০০-২৪,৬৮০/- টাকার বেতনক্রম হতে ১১,০০০-২৬,৫৯০/- টাকার বেতনক্রম (১৪ তম গ্রেড হতে ১৩ তম গ্রেডে) এবং "গাড়ী চালক" কে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানপূর্বক ৯,৩০০-২২,৪৯০/- টাকার বেতনক্রম হতে ৯,৭০০-২৩,৪৯০/- টাকার বেতনক্রম (১৬ তম গ্রেড হতে ১৫ তম গ্রেডে) উচ্চতর স্কেল মঞ্জুর প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার</td>
</tr>
</table>

উপজেলার সকল বিভাগের কর্মকর্তাগণ এবং ইউপি চেয়ারম্যানগণকে তাদের উপর অর্পিত দায়িত্ব সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে পালনের জন্য উপজেলা নির্বাহী অফিসার অনুরোধ করেন। পরিশেষে সভায় গৃহীত সকল সিদ্ধান্তের প্রতি একমত পোষণ করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০.০৩.22

(রেহানা বেগম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হোমনা, কুমিল্লা।

স্মারক নং- ০৫.২০.১৯৫৪.১০২.০০.০০১.২২-২০১ (১০০)

তারিখঃ ৩০.০৩.২০২২খ্রি.

অনুলিপি-সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন প্রেরণ করা হলোঃ-

০১. মাননীয় সংসদ সদস্য-২৫০, কুমিল্লা-২ সংসদীয় এলাকা।
০২. জেলা প্রশাসক, কুমিল্লা।
০৩. ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হোমনা, কুমিল্লা।
০৪. মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হোমনা, কুমিল্লা।
০৫. মেয়র, হোমনা পৌরসভা, কুমিল্লা।
০৬. উপজেলা ---------------------------------কর্মকর্তা, হোমনা, কুমিল্লা।
০৭. চেয়ারম্যান---------------------------------(সকল) ইউপি, হোমনা, কুমিল্লা।
০৮. জনাব/ বেগম-------------------------------------------------
০৯. অফিস কপি।

৩০/০৩/২২

(রুমন দে)
উপজেলা নির্বাহী অফিসার
হোমনা, কুমিল্লা।